

প্রেস বিজ্ঞপ্তি
জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ
বিভিন্ন অপরাধে ১০টি প্রতিষ্ঠানকে ৮৭.০০ হাজার টাকা জরিমানা

৯ জুলাই ২০১৭ খ্রি:

বাণিজ্য মন্ত্রণালয়ধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের ঢাকা মহানগর, বিভিন্ন বিভাগ ও জেলা কার্যালয়ের ৫ জন কর্মকর্তার নেতৃত্বে বরিশাল, মৌলভীবাজার, ও খুলনায় আজ বাজার তদারকি করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক রজনী নাহার রজনীর নেতৃত্বে ঢাকা মহানগরীর মোহাম্মদপুর এলাকায় পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে বন্ধু জেনারেল স্টোরকে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা, মেয়াদ উত্তীর্ণ ঔষধ বিক্রয়ের অপরাধে খান ফার্মেসীকে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা ও অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরীর অপরাধে বিক্রমপুর মিষ্টান্ন ভান্ডারকে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকাসহ মোট ৬০,০০০/- (ষাট হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

এছাড়া বরিশাল বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক সুমি রাণী মিত্রের নেতৃত্বে বরিশালের কাউনিয়া থানা এলাকায় ১টি প্রতিষ্ঠানকে ৬,০০০/- (ছয় হাজার) টাকা, বরিশাল জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: শাহ শোয়াইব মিয়ান নেতৃত্বে বরিশালের কাউনিয়া থানা এলাকায় ২টি প্রতিষ্ঠানকে ১০,০০০/- (দশ হাজার) টাকা, হবিগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: আল-আমিনের নেতৃত্বে হবিগঞ্জ সদর উপজেলায় ২টি প্রতিষ্ঠানকে ৬,০০০/- (ছয় হাজার) টাকা, খুলনা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক শিকদার শাহীনের আলমের নেতৃত্বে খুলনা মহানগর এলাকায় ২টি প্রতিষ্ঠানকে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকাসহ মোট ২৭,০০০/- (সাতাশ হাজার) টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরী ও পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

আজকের ৫টি বাজার তদারকির মাধ্যমে ১০টি প্রতিষ্ঠানকে মোট ৮৭,০০০/- (সাতাশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। বিলম্বে প্রাপ্ত তথ্য অনুযায়ী গত ৬ জুলাই ২০১৭ তারিখে ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক আফরোজা রহমান কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে মীনা বাজারকে ১০,০০০/- (দশ হাজার) টাকা এবং প্রতিশ্রুত পণ্য বা সেবা যথাযথভাবে বিক্রয় বা সরবরাহ না করার অপরাধে মুনতাজি ফার্ণিচারকে ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয় এবং ১ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে ২,৫০০/- (দুই হাজার পাঁচশত) টাকা ও ১ জন অভিযোগকারীকে জরিমানার ৭,৫০০/- (সাত হাজার পাঁচশত) টাকা পরে প্রদান করা হবে। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, আর্মড পুলিশ ব্যাটালিয়ান ও জেলা পুলিশ, বাজার কর্মকর্তা, স্যানিটারী ইন্সপেক্টর এবং ক্যাব এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করেন। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে।

স্বাক্ষরিত/-

(রিনা বেগম)

সহকারী পরিচালক (কার্যক্রম)

ফোনঃ ০২-৮১৮৯৪১১

ই-মেইলঃ ad-operation@dncrp.gov.bd

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মহাপরিচালক, র্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
- ২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
- ৩। পুলিশ কমিশনার, ঢাকা, খুলনা, বরিশাল ও সিলেট মহানগর।
- ৪। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
- ৬। জেলা প্রশাসক, ঢাকা, বরিশাল, মৌলভীবাজার, ও খুলনা।
- ৭। পুলিশ সুপার, ঢাকা, বরিশাল, মৌলভীবাজার, ও খুলনা।
- ৮। ভারপ্রাপ্ত সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (ভারপ্রাপ্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৯। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
- ১০। অধিনায়ক ৫, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
- ১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১২। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।